

বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন সচিবালয়  
নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা  
[www.ecs.gov.bd](http://www.ecs.gov.bd)


## নির্বাচন কমিশনে নতুন রাজনৈতিক দল নিবন্ধন বিষয়ে বিজ্ঞপ্তি

ঢাকা, মঙ্গলবার, ১৮ জুলাই

রাজনৈতিক দল নিবন্ধন বিধিমালা, ২০০৮ (২০১২ পর্যন্ত সংশোধিত) এর বিধি ৩ অনুসারে গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ৯০(ক) এর অধীন নিবন্ধন করতে ইচ্ছুক রাজনৈতিক দলসমূহকে ২৯ আগস্ট ২০২২ তারিখের মধ্যে নিবন্ধনের জন্য দরখাস্ত জমা দেয়ার আহ্বান করে ২৬ মে ২০২২ তারিখে গণবিজ্ঞপ্তি জারি করা হয়। পরবর্তীতে কতিপয় দলের আবেদনের প্রেক্ষিতে মাননীয় নির্বাচন কমিশন ৩০ অক্টোবর ২০২২ তারিখ পর্যন্ত সময় বৃদ্ধি করে; যা ২৯ অক্টোবর ২০২২ তারিখে গণবিজ্ঞপ্তির মাধ্যমে জানিয়ে দেয়া হয়। নির্ধারিত সময়ে ৯৩টি দল নিবন্ধনের জন্য আবেদন করে। পরবর্তীতে ২টি দল তাদের দাখিলকৃত নিবন্ধনের আবেদন প্রত্যাহার করে নেয়।

রাজনৈতিক দল নিবন্ধন বিধিমালা, ২০০৮ এবং গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ৯০(খ) এ উল্লিখিত নতুন রাজনৈতিক দল নিবন্ধনের জন্য প্রয়োজনীয় শর্তাবলী পূরণ করতে না পারায় ৭৯ টি দলের আবেদন প্রাথমিকভাবে নাকচ হয়। অবশিষ্ট ১২টি দলের দাখিলকৃত দলিলাদি রাজনৈতিক দল নিবন্ধন বিধিমালা, ২০০৮ এবং গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এ উল্লিখিত শর্তাবলী প্রাথমিকভাবে পূরণ করে মর্মে বিবেচনা করা হয়। পরবর্তীতে মাঠপর্যায়ে এ ১২টি দলের কেন্দ্রীয় কার্যালয়, জেলা কার্যালয়, উপজেলা কার্যালয়ের তথ্যাদি এবং ২০০ ভোটার/সমর্থকের সঠিকতা যাচাই করে চূড়ান্তভাবে ২টি দলের (বাংলাদেশ সুপ্রিম পার্টি, প্রতীক-একতারা, চেয়ারম্যান-শাহজাদা সৈয়দ সাইফুদ্দীন আহমদ এবং ভারপ্রাপ্ত মহাসচিব বীর মুক্তিযোদ্ধা মোঃ আব্দুল আজিজ সরকার, ঠিকানা: ৮২ শাহ আলীবাগ (চতুর্থ তলা), মিরপুর-১, ঢাকা-১২১৬ এবং বাংলাদেশ জাতীয়তাবাদী আন্দোলন-বিএনএম, প্রতীক-নোঙর, আহ্বায়ক-ডঃ আব্দুর রহমান এবং সদস্য-সচিব মেজর মুহাঃ হানিফ (অবঃ), ঠিকানা : বাড়ি নং-এইচ-২৩, শহীদ বীর উত্তম জিয়াউর রহমান সড়ক/নিউ এয়ারপোর্ট রোড, মহাখালী, থানা-বনানী, ঢাকা-১২১২) মাঠপর্যায়ের তথ্য সঠিক পাওয়া যায়। প্রসঙ্গত উল্লেখ্য যে, রাজনৈতিক দল নির্বাচনের ক্ষেত্রে আইন ও বিধি বিধান কঠোরভাবে অনুসরণ করা হয়েছে। বিধি বিধানের ব্যত্যয় ঘটিয়ে কোন কিছুই করা হয়নি। বিষয়টি স্পষ্ট ও স্বচ্ছ।

Representation of the People Order, 1972 (PO No. of 1972) এর Chapter VIA এর আওতায় উল্লিখিত দল দুটির রাজনৈতিক দল হিসেবে নির্বাচন কমিশনে নিবন্ধন প্রদানের বিষয়ে কারও কোন আপত্তি থাকলে প্রয়োজনীয় দলিলাদিসহ তার কারণ উল্লেখপূর্বক ২৬ জুলাই ২০২৩ তারিখের মধ্যে জনাব মোঃ জাহাংগীর আলম, সচিব, নির্বাচন কমিশন সচিবালয় এর নিকট লিখিতভাবে জানানোর জন্য অনুরোধ করা হয়েছে।



(মোঃ শরিফুল আলম)

পরিচালক (জনসংযোগ)

ফোন : ৫৫০০৭৫২০